দৈনিক বাংলা

16

তারিখ 19 JAN 1997
পৃঃ ৭ কলাম ৭

# পদ্মারচর ঃ ৫ শতাধিক কিশোর স্কুল দেখেনি

**নিজস্ব সংবাদদাতা ঃ নাটোর।**– নাটোরের লালপুর থানার পদ্মা নদীর চরাঞ্চলে কয়েকটি জনবসতি গড়ে উঠলেও সেখানে কোন স্কুল নেই। ফলে, সেখানকার প্রায় ৫ শতাধিক শিশু–কিশোর স্কুল সম্পর্কে কোন ধারণা নেই।

লালপুর থানার পদ্মা নদীতে জেগে ওঠা চরবাহাদুরপুর এলাকায় জনবসতি গড়ে উঠেছে। কয়েক বছর পূর্বে সেখানে সরকারী তহবিল থেকে ৩০ লাখ টাকা ব্যয়ে ২শ ২টি পরিবারের থাকার জন্য একটি গুচ্ছ গ্রাম নির্মিত হয়। কিন্তু সেখানে শিশুদের প্রথমিক শিক্ষা দেবার কোন স্কুল গড়ে উঠেনি। চর থেকে ৩/৪ মাইল দূরে নদী পার হয়ে সেখানকার শিশুদের লালপুর অথবা গৌরীপুর স্কুলে আসাও সম্ভব নয়। এছাড়া, থানার বিলমাড়ীয়া বাজারের ভাটিতে চরজাজিরা চলচাকলা, চরবিনোদপুর এলাকার কিছু কিছু অংশে প্রায় ৩ বছর পূর্বে জনবসতি গড়ে উঠেছে। সেখানেও শিশুদের শিক্ষার কোন ব্যবস্থা নেই। ঐসব চর এক লাখ ৫ থেকে ১৪ বছর বয়সের প্রায় ৫ শতাধিক শিশু রয়েছে। এলাকার ছোট শিশুরা বাড়িতে বসে ধুলোবালি নিয়ে খেলা করে দিন কাটায় এবং বাকীরা বাবা অথবা বড় ভাইয়ের সঙ্গে মাঠে গিয়ে কৃষি কাজে সহায়তা করে। কেউ কেউ অন্যের বাড়িতে গরুছাগল ভেড়া চরানোর কাজ করে।